


# COVID-19 টিকাকরণের জন্য সবেতন ছুটি

**12ই মার্চ, 2021** তারিখে, গভর্নর Andrew M. Cuomo একটি নতুন আইনে স্বাক্ষর করেন যেখানে COVID-19 এর টিকা গ্রহণের জন্য কর্মচারীদের বেতন সহ ছুটি পাওয়ার অনুমতি প্রদান করা হয়েছে। নতুন শ্রম আইনের বিধান সম্পূর্ণরূপে নীচে দেওয়া হয়েছে (2021 এর আইনগুলির অধ্যায় 77)

**শ্রম আইন § 196-C। COVID-19 টিকাকরণের জন্য সবেতন ছুটি:**

1. সকল কর্মচারীকে তার নিয়োগকারী একটি পর্যাপ্ত সময়কালের জন্য সবেতন ছুটি প্রদান করবেন, যা প্রতি টিকা ইঞ্জেকশনের জন্য চার ঘন্টার অধিক হবে না, যদি না সেই কর্মচারী যৌথভাবে দরাদরি করার পর অতিরিক্ত সময় পান অথবা অন্য কোনভাবে COVID-19 এর টিকা পাওয়ার ক্ষেত্রে নিয়োগকারী দ্বারা অনুমোদিত হন।

2. এই ধারা অনুযায়ী অনুমোদিত ছুটির সম্পূর্ণ সময়কাল প্রদান করা হবে কর্মচারীর নিয়মিত বেতনের হারে এবং সেই কর্মচারীর অন্যান্য প্রাপ্য ছুটির ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে না, যার অন্তর্গত হল এই অনুচ্ছেদের একশ ছিয়ানব্বই-বি ধারার অধীনে অসুস্থতার কারণে ছুটি নেওয়া, অথবা যৌথভাবে দরাদরি করার পরে প্রদত্ত কোন ছুটি।

3. এই ধারার বিধান যৌথভাবে দরাদরি করার পরে অগ্রাহ্য করা যেতে পারে, যদি অগ্রাহ্য করার কারণ বৈধ হয়, যা স্পষ্টভাবে এই আইনি ধারায় উল্লিখিত থাকবে।

সেইসঙ্গে, এই আইনে জানানো হচ্ছে যে কোন কর্মচারী এই আইন অনুযায়ী COVID-19 এর টিকা নেওয়ার জন্য ছুটির অনুরোধ করা বা ছুটি নেওয়া ইত্যাদির অধিকার প্রয়োগ করলে, কোন নিয়োগকারী বা তার এজেন্ট বা কোন কর্পোরেশন, পার্টনারশিপ, অথবা লিমিটেড লায়াবিলিটি কোম্পানির অফিসার বা এজেন্ট, অথবা অন্য কোন ব্যক্তি, সেই কর্মচারীকে বরখাস্ত করা, হুমকি দেওয়া, শাস্তি দেওয়া যাবে না, অথবা তার বিরুদ্ধে কোন ধরণের বৈষম্যমূলক বা প্রতিহিংসামূলক আচরণ করতে পারবেন না।

## প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

### প্র: সকল নিয়োগকারী এই আইনের আওতাভুক্ত হবেন কি?

এই আইনের উদ্দেশ্যের ক্ষেত্রে, নিয়োগকারী শব্দটিতে কোনও ব্যক্তি, কর্পোরেশন, লিমিটেড লায়াবিলিটি কোম্পানি, বা যেকোন পেশা, শিল্প, বাণিজ্য, ব্যবসা, বা পরিষেবাতে কোনও ব্যক্তিকে নিযুক্ত করে এমন সমিতি অন্তর্ভুক্ত রয়েছে। স্টেট এবং স্থানীয় সরকারী সংস্থা সহ সরকারী নিয়োগকারীরা New York স্টেট সিভিল সার্ভিস আইন §159-c এর অধীনে একটি ভিন্ন টিকাকরণের সবেতন ছুটির আইনের আওতাভুক্ত হয়।

### প্র: এই নতুন আইনের অধীনে একজন কর্মচারী সর্বাধিক কত ঘন্টার সবেতন ছুটি পাবেন?

এই নতুন আইনের অধীনে একজন কর্মচারী সর্বাধিক কত ঘন্টার সবেতন ছুটি পাবেন তা নির্ভর করবে প্রয়োজনীয় COVID-19 এর টিকার ইঞ্জেকশন সংখ্যার উপর। যদি COVID-19 এর টিকায় দুটি ইঞ্জেকশন নেওয়ার দরকার হয়, তাহলে কর্মচারী প্রতি ইঞ্জেকশনের জন্য সর্বাধিক চার ঘন্টা করে দুবার সবেতন ছুটি পাওয়ার অধিকারী হবেন (যা মোট 8 ঘন্টা পর্যন্ত হবে)।

### প্র: টিকার ইঞ্জেকশন নেওয়ার জন্য অনুপস্থিত থাকার "পর্যাপ্ত সময়কাল" কত?

আইনে এই বিষয়টি সংজ্ঞাবদ্ধ করা হয়নি, তবে, একটি ইঞ্জেকশনের জন্য সবেতন ছুটি চার ঘন্টা অতিক্রম করবে না।

### প্র: এই সবেতন ছুটি ব্যবহার করে কোন কর্মচারী নিজের আত্মীয় বা অন্য ব্যক্তিকে টিকা নেওয়ায় সহায়তা করতে যেতে পারেন কি?

না। এই আইন দ্বারা অনুমোদিত সবেতন ছুটি কর্মচারীরা শুধুমাত্র নিজের COVID-19 এর টিকা নেওয়ার ক্ষেত্রেই ব্যবহার করতে পারবেন।

**প্র: এই সবেতন ছুটির সময়কালে কর্মচারীদের কি একটি নির্দিষ্ট হারে বেতন দিতে হবে?**

এই আইন অনুযায়ী কর্মচারীদের নিয়মিত হারে বেতন দিতে হবে।

**প্র: কর্মচারীরা সবেতন অসুস্থতার ছুটির মত অন্যান্য ছুটির সাথে এই সবেতন ছুটি বদলাবদলি করে নিতে পারবেন?**

শ্রম আইন §196-b এর অধীনে সবেতন অসুস্থতার ছুটি সহ অন্যান্য বিদ্যমান ছুটি অথবা যৌথভাবে দরাদরি করে পাওয়া ছুটির সাথে এই সবেতন ছুটি বদলাবদলি করার অনুমতি এই আইনে দেওয়া হয় না।

**প্র: এই সবেতন ছুটির সময়কালের আগে কর্মচারীকে কি তার নিয়োগকারীকে নোটিশ দিতে হবে?**

এই আইনে নিয়োগকারীকে নোটিশ দেওয়া থেকে বিরত করা হয় না।

**প্র: এই সবেতন ছুটির দাবী জানানোর জন্য কর্মচারীকে কি তার নিয়োগকারীকে টিকা নেওয়ার প্রমাণ দেখাতে হবে?**

এই আইনে নিয়োগকারীকে টিকাকরণের প্রমাণ নেওয়া থেকে বিরত করা হয় না। তবে, নিয়োগকারীদের জানানো হচ্ছে টিকাকরণের প্রমাণ নেওয়ার অনুরোধ জানানোর আগে এই তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য গোপনীয়তা ব্যবস্থা সম্পর্কে বিবেচনা করে নেওয়ার জন্য।

**প্র: নতুন আইনটি কবে থেকে কার্যকর হবে?**

এই আইনটি কার্যকর হবে **12ই মার্চ, 2021** থেকে এবং **31শে ডিসেম্বর, 2022** পর্যন্ত কার্যকর থাকবে।

**প্র: এই আইন কার্যকর হওয়ার আগে যদি কোন কর্মচারী টিকা নিতে চলে যান তাহলে?**

এই আইনে কোন প্রত্যাবর্তনমূলক সুবিধা প্রদান করা হয় না এবং শুধুমাত্র **12ই মার্চ, 2021** এর পরে টিকা নেওয়া কর্মচারীরাই সবেতন ছুটির যোগ্যতা পাবেন। তবে, এই আইন স্বেচ্ছায় কর্মচারীদের এই প্রকার প্রত্যাবর্তনমূলক সুবিধা প্রদান করা থেকে নিয়োগকারীদের আটকায় না।

**প্র: যৌথভাবে দরাদরিরর ক্ষেত্রে এই আইন কীভাবে ছুটির অনুমোদন দেয়?**

যৌথভাবে দরাদরির ক্ষেত্রে এই আইনের অধীনস্থ অধিকারগুলি মকুব করা যেতে পারে। এই আইনের প্রয়োজনীয়তাগুলি পূরণ করার জন্য, যেকোন চুক্তির ক্ষেত্রে শ্রম আইন §196-c ধারা দেখে নিতে হবে।

**প্র: কোন কর্মচারীকে এই নতুন আইনের অধীনে সবেতন ছুটি দেওয়া না হলে কি করা যাবে?**

কর্মচারীকে শ্রম বিভাগের সাথে যোগাযোগ করতে হবে **1-888-4-NYSDOL (1-888-469-7365)** নম্বরে অথবাওঅভিযোগ নথিভুক্ত করতে হবে **https://dol.ny.gov/labor-standards-farm-workers-complaint-form-ls-710**-তে

**প্র: কোন কর্মচারীর বিরুদ্ধে এই নতুন আইনের অধীনে সবেতন ছুটি নেওয়ার অধিকার ব্যবহার করার জন্য প্রতিশোধ নেওয়া হলে কি করা যাবে?**

কর্মচারী যদি বিশ্বাস করেন যে সবেতন ছুটি নেওয়ার জন্য তার বিরুদ্ধে প্রতিশোধ নেওয়া হচ্ছে তাহলে তিনি শ্রম বিভাগের প্রতিশোধ-বিরোধী ইউনিটের সাথে **888-52-LABOR** অথবা **LSAsk@labor.ny.gov.** এ যোগাযোগ করতে পারেন।